


লেখকচারণ-২(১৭.১০.২০)



পোড়ামাটির তৈরি টেরাকোটা



পোড়ামাটির কারুকাজ করা দেয়াল

*** শিক্ষার্থীবৃন্দ উপরের আলোচনা সহ পাঠ্যবই থেকে গল্পটি ভালোভাবে পড়বেন ।

পাহাড়পুর দ্বিতীয় অংশের গুরুত্বপূর্ণ তথ্য :

- পাহাড়পুর নওগাঁ জেলার বদলগাছি উপজেলার পাহাড়পুর গ্রামে অবস্থিত ।
- ২৭ একর জমির উপর এর বিশাল দালান ।
- পাহাড়পুর ৪০ একর এলাকা জুড়ে লালচে ভূমিতে বিস্তৃত ।
- পাহাড়পুর উত্তর-দক্ষিণে ৯২২ফুট এবং পূর্ব-পশ্চিম দিকে ৯২১ ফুট পর্যন্ত বিস্তৃত ।
- রাজা ধর্মপাল প্রায় ১২০০ বছর আগে পাহাড়পুর বিহারটি নির্মাণ করান ।
- বাইরের দেয়ালের গায়ে পোড়ামাটি দিয়ে নানারকম নকশা বানানো আছে । যেমন- ফুল-ফল, পাখি, পুতুল ইত্যাদি ।
- বিহারের উত্তরদিকের ঠিক মাঝখানে মূল দরজা । তারপর বড় হলঘর, পাশে ছোট দুটি হলঘর । সামনের দিকে আছে বড় বারান্দা ।
- চারিদিকের দেয়ালের ভিতরে সুন্দর সারি বাঁধা ১৭৭টি ছোট ঘর আছে ।
- পাহাড়পুর বিহারটিতে ছিল পুকুর, কূপ, স্নানঘাট, স্নানঘর, খাবারঘর ও শৌচাগার ।
- সব মিলিয়ে বিহারটিতে ৮০০জন লোকের থাকার ব্যবস্থা ছিল ।
- পাহাড়পুর বৌদ্ধবিহারে উচ্চ শিক্ষার প্রাণকেন্দ্র ছিল ।

** ময়নামতির শালবন বিহারঃ

এটি কুমিল্লা জেলার ময়নামতিতে অবস্থিত । এটি পাহাড়পুর বিহারের তুলনায় আকারে ছোট । তবে আকারে এটি চৌকো । প্রতিটি বাহু ১৬৭.৭মিটার । শ্রী ভবদেব এটি নির্মাণ করেন । এই বিহারের মাঝখানে ছিল কেন্দ্রীয় মন্দির । বিহারটির আশেপাশে একসময় শাল-গজারির ঘন বন ছিল বলে এর নাম হয়েছে শালবন বিহার ।

*** শিক্ষার্থীবৃন্দ উপরের আলোচনা সহ পাঠ্যবই থেকে গল্পটি ভালোভাবে পড়বেন ।